## **Telephone Conversation between PM and King** of the Kingdom of Bahrain

April 06, 2020

## প্রধানমন্ত্রী এবং বাহরিনের রাজার মধ্যে টেলিফোনে বাক্যালাপ এপ্রিল 06.2020

আজ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং বাহরিনের রাজা মহামান্য হামাদ বিন ইশা আল থালিফার মধ্যে টেলিফোনে বাক্যালাপ হয়েছিল।

দুই নেতা রসদ সরবরাহ শৃঙ্খল এবং আর্থিক বাজার সহ চলতে থাকা কোভিড–19 স্থাস্থ্য সংকট এবং এর পরিণাম নিয়ে আলোচনা করেছেন।

মহামান্য রাজা, এই বর্তমান স্বাস্থ্য সংকটের সময়ে বাহরিনে বসবাসকারী বিশাল সংখ্যক ভারতীয় গোষ্ঠীর মানুষদের কল্যাণের প্রতি তার ব্যক্তিগত মনোযোগের বিষয়ে প্রধানমন্ত্রীকে আশ্বস্ত করেছেন। ভারতীয় অভিবাসীদের জন্য বাহরিন কর্তৃপক্ষ বরাবর যে যত্ন এবং বন্ধুত্বের হাত বাড়িয়ে দিয়ে খাকে তার জন্য প্রধানমন্ত্রী তার অন্তর খেকে কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন।

দুই নেতা সহমত হয়েছেন যে, কোভিড-19 –এর চ্যালেঞ্জকে মোকাবিলা করার জন্য তাদের আধিকারিকরা নিয়মিতভাবে নিজেদের মধ্যে যোগাযোগ রাখবেন এবং একে অন্যকে সাহায্যের জন্য সম্ভাব্য সকল সাহায্য প্রদানকে সুনিশ্চিত করবেন।

প্রধানমন্ত্রী মহামান্য রাজাকে জানিয়েছেন যে, বাহরিনকে, ভারত তার প্রসারিত প্রতবেশিত্বের এক গুরুত্বপূর্ণ অংশ হিসেবে গণ্য করে।তিনি গতবছর তার বহরিনের সফরকে উষ্ণতার সাথে স্মরণও করেছেন।

নিউ দিল্লি এপ্রিল 06, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.